অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো পর্যায়ক্রমেএই অঞ্চল পুনরায় খোলার জন্য অতিরিক্ত নির্দেশিকার কার্যপরিকল্পনা বর্ণনা করেন

কোন অঞ্চল পুনরা খুলতে পারায় যায় কি না তা নির্ধারণের জন্য রাষ্ট্র চারটি মূল কারণের উপর নজরদারি চালাবে: নতুন সংক্রমণের সংখ্যা, স্বাস্থ্য পরিচর্যা ক্ষমতা, ডায়াগনস্টিক টেস্টিং ক্যাপাসিটি এবং কন্টাক্ট ট্রেসিং সক্ষমতা

প্রতিটি ব্যবসাকে পুনরায় খোলার জন্য নতুন নিরাপত্তা সতর্কতার রূপরেখা বাস্তবায়নের উপর জোর দিতেহবে

আজকের তারিখ পর্যন্ত এক মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কের বাসিন্দাদের COVID-19 পরীক্ষা করা হয়েছে

নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড নমুনা সংগ্রহের জন্য প্রায় 300,000 টেস্টিং কিট বানিয়েছে

মার্কেটপ্লেসের মাধ্যমে বিশেষভাবে অন্তর্ভুক্তি 15 জুন 2020 এর সময় থেকে খোলার ঘোষণা দেওয়া হবে

নিউ ইয়র্ক স্টেটে আরো 2,538 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 45 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 318,953-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো কখন এই অঞ্চল পুনরায় খোলা যায় তার অতিরিক্ত নির্দেশিকার কার্যপরিকল্পনা বর্ণনা করেন স্টেট কোন অঞ্চল পুনরায় খুলতে পারবে তা নির্ধারণ করতে চারটি মূল কারণের উপর নজরদারি চালাবে:

- **নতুন সংক্রমণ:** রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) থেকে নীতিমালা অনুযায়ী, অঞ্চলগুলোতে মোট নিট হাসপাতালে ভর্তির নিম্নহার কমপক্ষে 14 দিন থাকতে হবে এবং 3 দিনের ঘূর্ণায়মান গড়ের মৃত্যুর হার থাকতে হবে। যে সকল অঞ্চলগুলোতে COVID কেসের হার খুবই স্বল্প, এই অঞ্চলে 15 জন নেট নতুন মোট হাসপাতালে ভর্তিকে অতিক্রম করতে পারবে না অথবা 3 দিনের ঘূর্ণায়মান গড়ে

5 জন নতুন মৃত্যুর ঘটনা ঘটবে না। একটি অঞ্চলে সংক্রমণের সম্ভাব্য বিস্তারের উপর নজর রাখার জন্য, একটি অঞ্চলে প্রতিদিন প্রতি 100,000 জন বাসিন্দার মধ্যে দুইজনের কম নতুন COVID রোগী ভর্তি থাকতে হবে।

- **স্বাস্থ্য পরিচর্যার ক্ষমতা:** এই সংক্রমণের সম্ভাব্য উত্থান সামলানোর জন্য প্রতিটি অঞ্চলের স্বাস্থ্য পরিচর্যা ক্ষমতা থাকতে হবে । অঞ্চলগুলোতে অন্তত 30 শতাংশ মোট হাসপাতাল ও ইনটেনসিভ কেয়ার ইউনিট (Intensive Care Unit, ICU) শয্যা থাকা আবশ্যক। এই নতুন প্রয়োজনের সঙ্গে আরো যুক্ত হয়ে হাসপাতালগুলোতে অন্তত 90 দিনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জামের স্টক থাকতে হবে।
- **ডায়াগনস্টিক টেস্টিং ক্যাপাসিটি:** প্রতিটি অঞ্চলে প্রতি 1,000 বাসিন্দার জন্য 30টি ডায়াগনস্টিক টেস্ট পরিচালনা করার সক্ষমতা থাকতে হবে। স্টেট দ্রুত তার সক্ষমতা স্টেটব্যাপি বিস্তৃত করছে যেন সব অঞ্চল উপরে বর্ণিত লক্ষে পৌঁছাতে পারে।
- **কন্টাক্ট ট্রেসিং সক্ষমতা:** এই প্রোগ্রামে প্রতি 100,000 ব্যক্তির জন্য 30 জন কন্টাক্ট ট্রেসারের একটি বেসলাইন অন্তর্ভুক্ত করা হবে এবং প্রতিটি অঞ্চলের ক্ষেত্রে আক্রান্তের সম্ভাব্য সংখ্যার উপর ভিত্তি করে অতিরিক্ত ট্রেসারের ব্যবহার করা হবে। বর্তমানে স্টেট প্রতিটি অঞ্চলের চাহিদা পূরণে মেয়র ব্লুমবার্গের সঙ্গে একাত্বতার মাধ্যমে স্টেটব্যাপি কন্টাক্ট ট্রেসারের একটি বাহিনী তৈরি করছে।

স্টেটের পুনরায় গতিশীল করার পরিকল্পনার প্রতিটি পর্যায়ে কোন কোন শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান খুলতে পারে, তার রূপরেখা দিয়েছেন গভর্নর কুওমো। যে ব্যবসাগুলো "বেশি অপরিহার্য" এবং কর্মস্থল ও গ্রাহকদের সংক্রমণের অন্তর্নিহিত কম ঝুঁকির মধ্যে বিবেচনা করা হয় সেগুলোকে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি অন্যান্য যে ব্যবসাগুলো "কম অপরিহার্য" বা যারা সংক্রমণের একটি উচ্চতর ঝুঁকিতে আছে তাদেরকেও বিবেচনা করা হবে। যে অঞ্চলগুলি স্থানীয় এলাকার বাইরে থেকে বিপুল সংখ্যক দর্শনার্থীদের আকৃষ্ট করে এমন আকর্ষণীয় স্থান বা ব্যবসাগুলিকে অবশ্যই চালু করবে না।

গভর্নর নতুন নিরাপত্তা সতর্কতার রূপরেখা তৈরি করেছেন যা প্রতিটি ব্যবসাকে পুনরায় খোলার জন্য পালন করতে হবে যাতে ভাইরাস ছড়ানোর ঝুঁকি কম হয়। ব্যবসা প্রতিষ্ঠানগুলোরয় জন্য প্রোজন হবে:

- কর্মস্থলে ঘনত্ব কমাতে প্রয়োজন অনুযায়ী কর্মক্ষেত্রের ঘন্টা এবং সিফট নকশায় সামঞ্জস্য আনা;
- সামাজিক দূরত্ব প্রোটোকল প্রণয়ন;
- কর্মীদের জন্য অপরিহার্য নয় এমন ভ্রমণ সীমাবদ্ধকরণ;
- যদি অন্যদের সাথে ঘনঘন যোগাযোগ করার প্রয়োজন হয় তাহলে সকল কর্মচারী এবং গ্রাহককে মাস্ক পরার প্রয়োজন হবে;
- কঠোর পরিষ্কার এবং স্যানিটেশন মান বাস্তবায়ন;
- ব্যক্তি কর্মস্থলে প্রবেশ করার জন্য একটি চলমান স্বাস্থ্য স্ক্রিনিং প্রক্রিয়া প্রণয়ন করা;
- ট্রেসিং, ট্র্যাকিং এবং আক্রান্তের প্রতিবেদন অব্যাহত রাখা; এবং

- দায়-দায়িত্বের প্রক্রিয়া গড়ে তোলা।

গভর্নর আরও ঘোষণা করেন, এক মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে ইতোমধ্যেই COVID-19-এর জন্য পরীক্ষা করা হয়েছে।

গভর্নর আরো ঘোষণা দিয়েছেন যে, নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড নমুনা সংগ্রহের জন্য প্রায় 300,000 টেস্টিং কিট তৈরি করেছে, যার মধ্যে 60,000টি নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন ল্যাব ও হাসপাতালে পাঠানো হচ্ছে।

গভর্নর আরও ঘোষণা দেন যে NY স্টেটের স্বাস্থ্য পরিকল্পনা মার্কেটপ্লেস (NY State of Health Health Plan Marketplace) এর মাধ্যমে বিশেষভাবে অন্তর্ভুক্তি 15 জুন 2020 থেকে খোলা থাকবে।

"যখন আমরা COVID-19 ভাইরাসের বিস্তার হ্রাস করতে থাকছি, এবং আমরা পুনরায় খোলার উপর ফোকাস করছি, তখন আমাদের সতর্ক থাকতে হবে যে আমরা যে তথ্য শিখেছি তা ব্যবহার করতে হবে যেন আমরা ইতোমধ্যে যে পদক্ষেপ গ্রহণ করেছি তা যেন ব্যর্থ না হয়," **গভর্নর কুওমো বলেন।** "পুনরায় খোলার ঘটনা স্টেটব্যাপি একসাথে হবে না-নিউ ইয়র্কে বৈচিত্র্যময় অঞ্চল আছে এবং ঐ অঞ্চলগুলোতে বিভিন্ন পরিস্থিতি আছে, তাই বরং পুরো রাষ্ট্রকে পুনরায় খোলার জন্য প্রস্তুত থাকার জন্য অপেক্ষা করতে হবে আমরা একটি আঞ্চলিক ভিত্তিতে পরিস্থিতি বিশ্লেষণ করতে যাচ্ছি। আমরা পরিমাপ করব যে একটি অঞ্চল চারটি কারণের উপর ভিত্তি করে পুনরায় খুলতে পারা যায় কি না-নতুন সংক্রমণের সংখ্যা, স্বাস্থ্য পরিষেবা ক্ষমতা, ডায়াগনস্টিক টেস্টিং এবং কন্টাক্ট ট্রেসিং-এবং আমরা ভাইরাসের দ্বিতীয় পর্যায়ের উত্থান প্রতিরোধ এবং স্বাস্থ্য ও নিরাপত্তার স্বার্থে নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে রক্ষা করার জন্য পুনরারয় খোলার প্রক্রিয়ার সর্বত্র এই কারণগুলি নিরীক্ষণ করতে থাকব।"

পরিশেষে, গভর্নর আরও 2,538 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 318,953-তে নিয়ে এসেছে। মোট 318,953 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,287	29
Allegany	35	0
Broome	334	7
Cattaraugus	53	0
Cayuga	51	0
Chautauqua	37	1
Chemung	126	1
Chenango	100	1

Clinton	68	2
Columbia	213	4
Cortland	28	0
Delaware	62	1
Dutchess	3,131	45
Erie	3,802	92
Essex	29	0
Franklin	16	1
Fulton	84	2
Genesee	159	4
Greene	154	3
Hamilton	3	0
Herkimer	63	1
Jefferson	63	1
Lewis	9	0
Livingston	85	2
Madison	217	66
Monroe	1595	29
Montgomery	56	0
Nassau	36,965	185
Niagara	493	19
NYC	175,651	1,320
Oneida	550	61
Onondaga	971	19
Ontario	96	1
Orange	9,015	48
Orleans	97	0
Oswego	67	1
Otsego	67	0
Putnam	1,026	13
Rensselaer	337	15
Rockland	12,095	70
Saratoga	367	4
Schenectady	535	8
Schoharie	45	0
Schuyler	7	0
Seneca	45	0
St. Lawrence	178	1
Steuben	219	1
Suffolk	35,077	222

Sullivan	976	25
Tioga	90	0
Tompkins	129	0
Ulster	1,354	13
Warren	192	4
Washington	188	2
Wayne	76	1
Westchester	30,097	213
Wyoming	69	0
Yates	19	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন